গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবীগঞ্জ, হবিগঞ্জ।
www.nabiganj.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৩৬৭৭.০০১.০১.০২৭.২০২২-৯৬, তারিখ- ২৯/০১/২০২৩ খ্রি.

## নবীগঞ্জ উপজেলাধীন হাটবাজারসমূহ ইজারা প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তিঃ
## (বিজ্ঞপ্তি নং-০১/১৪৩০ বাংলা)

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার সংযুক্ত তালিকায় বর্ণিত হাট বাজারসমূহ কেবলমাত্র ১৪৩০ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত সিডিউল ও শর্তমতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০১। সিডিউল ফরম প্রাপ্তির স্থান : (ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), হবিগঞ্জ।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ।
(গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, নবীগঞ্জ,হবিগঞ্জ।
(ঘ) নবীগঞ্জ থানা, নবীগঞ্জ, হবিগঞ্জ।
(ঙ) সোনালী ব্যাংক লিমিটেড, নবীগঞ্জ, হবিগঞ্জ।

০২। দরপত্র ফরম দাখিলের স্থান : (ক) জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ।
(গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, নবীগঞ্জ,হবিগঞ্জ।

০৩। নিম্নোক্ত সিডিউল অনুযায়ী দরপত্র ক্রয়, দাখিল করা এবং খোলা হবে।

| পর্যায় সংখ্যা | সিডিউল বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৫/০২/২০২৩ খ্রি. হতে ১৬/০২/২০২৩ খ্রি. পর্যন্ত। অফিস চলাকালীন সময়ে। | ১৯/০২/২০২৩ খ্রি. বেলা ১.০০ টা পর্যন্ত | ১৯/০২/২০২২ খ্রি. বেলা ২:৩০ মিনিট। | -- |
| ২য় পর্যায় | ১২/০৩/২০২৩ খ্রি. হতে ১৩/০৩/২০২৩ খ্রি. পর্যন্ত। অফিস চলাকালীন সময়ে। | ১৪/০৩/২০২৩ খ্রি. বেলা ১.০০ টা পর্যন্ত। | ১৪/০৩/২০২৩ খ্রি. বেলা ২:৩০ মিনিট। | ১ম পর্যায়ে অবিক্রিত হাট-বাজারের জন্য। |
| ৩য় পর্যায় | ০৩/০৪/২০২৩ খ্রি. হতে ০৪/০৪/২০২৩ খ্রি. পর্যন্ত। অফিস চলাকালীন সময়ে। | ০৫/০৪/২০২৩ খ্রি. বেলা ১.০০ টা পর্যন্ত। | ০৫/০৪/২০২৩ খ্রি. বেলা ২:৩০ মিনিট। | ২য় পর্যায়ে অবিক্রিত হাট-বাজারের জন্য। |
| ৪র্থ পর্যায় | ২৬/০৪/২০২৩ খ্রি. হতে ২৭/০৪/২০২৩ খ্রি. পর্যন্ত। অফিস চলাকালীন সময়ে। | ৩০/০৪/২০২৩ খ্রি. বেলা ১.০০ টা পর্যন্ত। | ৩০/০৪/২০২৩ খ্রি. বেলা ২:৩০ মিনিট। | ৩য় পর্যায়ে অবিক্রিত হাট-বাজারের জন্য। |
| ৫ম পর্যায় | ১৬/০৫/২০২৩ খ্রি. হতে ১৭/০৫/২০২৩ খ্রি. পর্যন্ত। অফিস চলাকালীন সময়ে। | ১৮/০৫/২০২৩ খ্রি. বেলা ১.০০ টা পর্যন্ত। | ১৮/০৫/২০২৩ খ্রি. বেলা ২:৩০ মিনিট। | ৪র্থ পর্যায়ে অবিক্রিত হাট-বাজারের জন্য। |

বি.দ্র. : ০১। দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ মহোদয়ের কার্যালয়ে কোন দরপত্র জমা পড়লে ই-মেইল/টেলিফোন বার্তায় নিশ্চিত হয়ে নির্ধারিত সময়ে দরপত্র খোলা কার্যক্রম বন্ধ রাখা হবে এবং জেলা প্রশাসক, হবিগঞ্জ মহোদয়ের কার্যালয় হতে দরপত্র এ কার্যালয়ে পৌছার পর একত্রে সকল দরপত্র খোলা হবে।

(চলমান পাতা নং-০২)

CamScanner

## ১৪৩০ বাংলা সনের হাট বাজার ইজারার শর্তাবলী :

১। বাংলা ১৪৩০ সনের ১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য হাট বাজার সমূহ ইজারা প্রদান করা হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উদ্ধৃত দরের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা প্রদান করতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% ইজারা মূল্যের সাথে সমন্বয় করতে হবে। বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মেটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাদানকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উদ্ধৃত দরের অবশিষ্ট ৭৫%(শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) কোড নম্বর ১-১১৩৩-০০১৮-০৩১১ ও ১০% আয়কর কোড নম্বর ১-১১৪১-০০৭০-০১১১ এ আব্যশিকভাবে জমা প্রদান করে জমাস্লিপ ও চালানোর কপি দাখিল করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত করত: পুনরায় ইজারা প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হইলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবেনা।

৭। দরপত্রের সাথে দরপত্রদাতাকে পাসপোর্ট সাইজের ০১(এক)কপি ছবি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দিতে হবে।

৮। সরকার অনুমোদিত টোল রেট হিসাবে টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে বাজারের একাধিক দৃশ্যমান স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে টোল রেট প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করত হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০। ইজারাদার কোনক্রমেই হাট- বাজার অন্যের নিকট সাবলীজ দিতে পারবেন না।

১১। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়কর সহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১২। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিচ্ছন্ন রাখবেন।

১৪। ইজারাদার নিজ খরচে ০১ (এক) টি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৫। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি বা লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৬। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারা অর্থ কর্তনপূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৭। হাট বাজার ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৮। দরপত্রদাতাকে সরকার কর্তৃক সময়ে জারীকৃত বিধি বিধান প্রতিপালন করতে হবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবেন।

২০। হাটবাজার ইজারা বিজ্ঞপ্তি **www.nabiganj.habiganj.gov.bd** ওয়েব সাইটে পাওয়া যাবে।

29.01.23

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটি
নবীগঞ্জ, হবিগঞ্জ।
**e-mail: unonabiganj@mopa.gov.bd**

CamScanner

স্মারক নং- [illegible]

তারিখ: ২৯/০১/২০২৩ খ্রি

অনুলিপি: সদয় অবগতির জন্য

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট।
০৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
০৪। উপ-পরিচালক (উপ সচিব), স্থানীয় সরকার জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।
০৬। উপজেলা নির্বাহী অফিসার ................................................................ (সকল) হবিগঞ্জ।

অনুলিপি: অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ

০৭। সহকারী কমিশনার (ভূমি), নবীগঞ্জ, হবিগঞ্জ।
০৮। উপজেলা .............................................. অফিসার, নবীগঞ্জ/সদস্য, উপজেলা হাট বাজার দরপত্র মূল্যায়ন কমিটি, নবীগঞ্জ, হবিগঞ্জ (তাঁকে দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র বাছাই কমিটির সভায় উপস্থিত থাকার অনুরোধসহ)।
০৯। অফিসার ইনচার্জ, নবীগঞ্জ থানা, নবীগঞ্জ, হবিগঞ্জ।
১০। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, নবীগঞ্জ শাখা, নবীগঞ্জ, হবিগঞ্জ।
১১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, নবীগঞ্জ, হবিগঞ্জ। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। সভাপতি/সাধারন সম্পাদক, নবীগঞ্জ প্রেস ক্লাব, নবীগঞ্জ, হবিগঞ্জ। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
১৩। সম্পাদক, ................................................................ হবিগঞ্জ (তাঁকে উক্ত বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত আকারে তাঁর পত্রিকার একদিনের জন্য প্রকাশ করত: পত্রিকার ০৩(তিন) কপি অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৪। চেয়ারম্যান.................................................................. ইউ/পি (সকল), নবীগঞ্জ, হবিগঞ্জ। তাঁকে উক্ত বিজ্ঞপ্তিটি তাঁর ইউ/পির অন্তর্গত হাট-বাজারে মাইকিং/ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচার অন্তে দরপত্র দাখিলের পূর্বে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.................................................................. ইউনিয়ন ভূমি অফিস (সকল) নবীগঞ্জ, হবিগঞ্জ। তাঁকে উক্ত বিজ্ঞপ্তিটি ঢোল সহরত/মাইকিং এর মাধ্যমে স্থানীয় হাট বাজারে বহুল প্রচার অন্তে দরপত্র দাখিলের পূর্বে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৬। সভাপতি/সাধারন সম্পাদক,.................................................................. বাজার ব্যবসায়ী সমিতি(সকল), নবীগঞ্জ, হবিগঞ্জ।
১৭। ইজারাদার.................................................................................................. বাজার (সকল), নবীগঞ্জ, হবিগঞ্জ।
১৮। জনাব..............................................................................................................নবীগঞ্জ, হবিগঞ্জ।
১৯। নোটিশ বোর্ড/অফিস কপি/ওয়েব সাইট কপি।

29.01.23

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটি
নবীগঞ্জ, হবিগঞ্জ।
ফোন : ০৮৩২৮-৫৬০০৩
e-mail: unonabiganj@mopa.gov.bd

CamScanner

নবীগঞ্জ উপজেলার ১৪৩০ বাংলা সনের ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা:

| ক্র নং | হাট বাজারের নাম | ইউনিয়নের নাম | কাঙ্ক্ষিত ইজারা মূল্য/সরকারি মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | কাজির বাজার | ২নং বড় ভাকৈর(পূর্ব) | ৩,৫১,১০৩/- | ১,৪০০/- | |
| ০২ | ইনাতগঞ্জ বাজার(নবীগঞ্জ অংশ) | ৩ নং ইনাতগঞ্জ | ২,২৮,৫০০/- | ১,২০০/- | |
| ০৩ | নাদামপুর বাঁধের বাজার | ৩ নং ইনাতগঞ্জ | ১,২৯,২৯৫/- | ৫০০/- | |
| ০৪ | কামারগাঁও বাজার | ৪ নং দিঘলবাক | ১২,৬০০/- | ৫০০/- | |
| ০৫ | সৈয়দপুর বাজার | ৫নং আউশকান্দি | ১,৩৬,৫৮৫/- | ১,০০০/- | |
| ০৬ | ইরাগঞ্জ বাজার | ৫নং আউশকান্দি | ৬,১০,৬৭০/- | ১,৮০০/- | |
| ০৭ | কৈলাশগঞ্জ বাজার | ৬ নং কুর্শি | ৫,১২২/- | ৫০০/- | |
| ০৮ | বাংলা বাজার | ৬নং কুর্শি | ১৬,৮৬৭/- | ৫০০/- | |
| ০৯ | সাকোয়া বাজার | ৭নং করগাও | ৮৩,৩৩৩/- | ৫০০/- | |
| ১০ | চৌধুরী বাজার | ৯ নং বাউসা | ২,৭০০/- | ৫০০/- | |
| ১১ | গোপলার বাজার | ১০নং দেবপাড়া | ২,১৫,২৩৭/- | ১,০০০/- | |
| ১২ | ইমামবাড়ী বাজার | ১২নং কালিয়ারভাঙ্গা | ৬৪,৫২০/- | ৫০০/- | |
| ১৩ | শিবগঞ্জ বাজার | ১২নং কালিয়ারভাঙ্গা | ১,৬৪১/- | ৫০০/- | |
| ১৪ | রইছগঞ্জ বাজার | ১৩নং পানিউমদা | ৩০,০৫০/- | ৫০০/- | |
| ১৫ | পানিউমদা বাজার | ১৩নং পানিউমদা | ৩০,২২০/- | ৫০০/- | |
| ১৬ | রোকনপুর বাজার | ১৩নং পানিউমদা | ৫,৭২৫/- | ৫০০/- | |
| ১৬ | সোনাপুর বাজার | ০১নং বড় ভাকৈর(পশ্চিম) | ১৫,৮১০/- | ৫০০/- | |
| ১৮ | ফার্ম বাজার | ০২নং বড় ভাকৈর(পূর্ব) | ১,০৫,৬১৭/- | ৫০০/- | |
| ১৯ | রসুলগঞ্জ বাজার (নতুন বাজার) | ০৮নং নবীগঞ্জ সদর | ৩,০০০/- | ৫০০/- | |
| ২০ | হামিদুলল্লাহ বাজার | ১১নং গজনাইপুর ইউনিয়ন | ১১,৩০০/- | ৫০০/- | |
| ২১ | বিজনার পাড় বাঁশের বাজার | ১০নং দেবপাড়া ইউনিয়ন | ৩৯,৪০০/- | ৫০০/- | |
| ২২ | ইমামগঞ্জ বাজার | ১০নং দেবপাড়া ইউনিয়ন | ৪,২৪০/- | ৫০০/- | |
| ২৩ | শতক বাজার | ১১নং গজনাইপুর ইউনিয়ন | ৭,২০০/- | ৫০০/- | |
| ২৪ | গালিমপুর বাজার | ০৪নং দিঘলবাক ইউনিয়ন | ২,১৯১/- | ৫০০/- | |
| ২৫ | তাহিরপুর মাদ্রাসা বাজার | ০৬নং কুর্শি ইউনিয়ন | ২,৭৫১/- | ৫০০/- | |
| ২৬ | জগন্নাথপুর বাজার | ০১নং বড় ভাকৈর(পশ্চিম) | ৫,৪৭৫/- | ৫০০/- | |

29.01.23

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটি
নবীগঞ্জ, হবিগঞ্জ।
e-mail: unonabiganj@mopa.gov.bd

CamScanner